# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 29-12-2024 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

২) নতুনবছর থেকে রাজ্য মন্ত্রিসভার সদস্যরা কোনো অনুষ্ঠানে গেলে মুখ্যমন্ত্রীর দপ্তরে আগাম জানানোর নির্দেশ।

৩) পাসপোর্ট নিয়ে জালিয়াতি রুখতে কলকাতা পুলিশ আরও কঠোর ব্যবস্থা নিচ্ছে।

৪) মুর্শিদাবাদের বেলডাঙ্গা থেকে প্রায় তিরিশ লক্ষ টাকার নিষিদ্ধ মাদক উদ্ধার করেছে রাজ্য পুলিশের এসটিফ।

৫) বর্ষবরণ উপলক্ষ্যে শহরে কোনোরকম অপ্রীতিকর ঘটনা রুখতে কলকাতা পুলিশ সবধরনের ব্যবস্থা নিচ্ছে।

৬) ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে আজও বাতিল থাকছে বেশ কিছু ট্রেন।

৭) পশ্চিমী ঝঞ্ঝার কারণে শীতের দেখা না মিললেও আগামী কয়েক দিনের মধ্যে রাতের তাপমাত্রা কমবে বলে আবাহাওয়া দপ্তর জানিয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বেলা ১১ টায় আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটিই হবে মাসিক এই রেডিও অনুষ্ঠানের ১১৭ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সম্পূর্ণ নেটওয়ার্ক, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। পাশাপাশি এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শোনা যাবে মন কি বাত। হিন্দীতে সম্প্রচারের অব্যবহিত পরেই আঞ্চলিক ভাষায় অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে।

--------------------

রাজ্য মন্ত্রিসভার সদস্যদের কোনও অনুষ্ঠানে যোগ দেওয়ার ক্ষেত্রে বিশেষ সতর্ক হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। কোথায়, কোন অনুষ্ঠানে যাচ্ছেন সব মন্ত্রীদের তা আগাম মুখ্যমন্ত্রীর দফতরে জানাতে হবে। জানা গেছে, সম্প্রতি রাজ্য মন্ত্রিসভার বৈঠকেই মুখ্যমন্ত্রী স্বয়ং, সতীর্থদের এই মর্মে নির্দেশ দেন। সব দিক খতিয়ে দেখে মুখ্যমন্ত্রীর দফতর থেকে অনুষ্ঠানে যাওয়ার ব্যাপারে অনুমোদন দেওয়া হবে। আগামী বছরের শুরু থেকেই এই নির্দেশ মন্ত্রীদের কঠোরভাবে মেনে চলতে হবে বলে জানানো হয়েছে।

--------------------

রাজ্য সরকার জঙ্গী দমনে সক্রিয় হলে তারা এখানে ঘাঁটি গেড়ে থাকতে পারতনা বলে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। উত্তর ২৪ পরগণার খড়দায় শ্রী মজুমদার বলেন, রাজ্যে একের পর এক জেলা থেকে জঙ্গী ধরা পড়ছে, পুলিশ তাদের ধরতে ব্যর্থ। রাজ্য সরকার জমি না দেওয়ায় বাংলাদেশ সীমান্তের বহু

এলাকায় বেড়া দেওয়া যায়নি। তবে সার্বিকভাবে অনুপ্রবেশ বন্ধ করা যাচ্ছে না বলে শ্রী মজুমদার অভিযোগ করেন।

বাইট

--------------------

চোরা পথে দেশ ফিরে যাওয়ার আগে বাগদাদ থানার পুলিশ শুক্রবার দুলাল শেখ ও পারুল বেগম নামে দুই বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে। এদের বাড়ি বাংলাদেশের বাগেরহাট জেলায়। মাস ছয়েক আগে তারা কাজের খোঁজে ভারতে এসেছিল। বনগাঁ মহকুমা আদালত গতকাল তাদের ১৪ দিনের জেল হেপাজতে পাঠিয়েছে।

--------------------

পাসপোর্ট নিয়ে জালিয়াতি রুখতে কলকাতা পুলিশ আরও কঠোর ব্যবস্থা নিচ্ছে। পুলিশ কমিশনার মনোজ ভার্মা গতকাল সাংবাদিকদের বলেন, পাসপোর্ট হাতে দেওয়ার আগে থানার ওসি এবং আইসিদের আবশ্যিকভাবে নোডাল আধিকারিকদের সঙ্গে কথা বলতে হবে। আবেদন পত্র যাচাইয়ের সময় আপরাধ ও জন্মতারিখ সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে হবে। পুলিশের ভূমিকা খাতায় কলমে নথিভুক্ত করতেও বলা হয়েছে বলে তিনি উল্লেখ করেন। কলকাতায় বহিরাগতদের ওপর নজর রাখা হচ্ছে বলেও পুলিশ কমিশনার জানান।

--------------------

বাঁকুড়ার রাণীবাঁধে মুকুটমণিপুর জলাধারের পাশের এলাকায় বনদপ্তরের পাতা ফাঁদে জিনাত নামের বাঘিনীটি পা দিলেও এখনও সে অধরা। বনদপ্তরের কর্মীরা

বাঘিনীকে লক্ষ্য করে ঘুমপাড়ানি গুলি চালালেও সেই গুলি তার শরীরে লেগেছে কিনা তা এখনও জানা যায়নি। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

--------------------

রাজ্য পুলিশের এসটিফ মুর্শিদাবাদের বেলডাঙ্গা থেকে প্রায় তিরিশ লক্ষ টাকার নিষিদ্ধ মাদক গাঁজা উদ্ধার করেছে। গোপন সূত্রে খবর পেয়ে গতকাল গভীর রাতে এসটিএফ-এর একটি দল বেলডাঙ্গা থানার ১২ নম্বর জাতীয় সড়কে কলকাতাগামী একটি আইসিইউ অ্যাম্বুলেন্স থেকে এই নিষিদ্ধ মাদক উদ্ধার করে। অ্যাম্বুলেন্সে থাকা তিন পাচারকারী ও অন্য একটি চার চাকার গাড়ি থেকে আরও দুজন সহ মোট পাঁচ জনকে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃতদের তিনজন সোনারপুরের ও অন্য দুজন বারুইপুরের বাসিন্দা। পুলিশ ঘটনার তদন্ত করছে।

--------------------

বর্ষবরণ উপলক্ষ্যে শহরে কোনোরকম অপ্রীতিকর ঘটনা রুখতে কলকাতা পুলিশ সবধরনের ব্যবস্থা নিচ্ছে। পুলিশ কমিশনার মনোজ বর্মা গতকাল লালবাজারে এক সাংবাদিক বৈঠকে বলেন, ৩১শে ডিসেম্বর ও পয়লা জানুয়ারি শহরের বিভিন্ন জায়গায় মোতায়েন থাকবে চার হাজার পুলিশ কর্মী। ৫০টিরও বেশি জায়গায় নাকা চেকিং এর ব্যবস্থা থাকবে।

--------------------

পরিবহন দফতর, গাড়ি মালিক, বিশেষত বিলাসবহুল দামি গাড়ির মালিকদের বকেয়া কর আদায় করতে বিশেষ ছাড় দিচ্ছে। পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী

জানিয়েছেন, মোটরযান আইন সংশোধনের ফলে ব্যক্তিগত গাড়ির মালিকরা তাঁদের পুরনো গাড়ির দামের ৭.৫ শতাংশ দিয়ে আজীবনের কর মিটিয়ে দিতে পারবেন। বাণিজ্যিক গাড়ির ক্ষেত্রে তিন, পাঁচ বা দশ বছরের মেয়াদে কর মেটালে যথাক্রমে ১৫, ৩০ এবং ৪০ শতাংশ ছাড় পাওয়া যাবে। গাড়ি মালিকরা যাতে এই ছাড় সম্পর্কে জানতে পারেন, সেজন্য বিশেষ প্রচারাভিযান শুরু হচ্ছে বলে পরিবহন মন্ত্রী জানিয়েছেন। ইতোমধ্যেই বকেয়া কর মিটিয়ে দেওয়ার জন্য গাড়ি মালিকদের মোবাইলে এসএমএস পাঠানো শুরু হয়েছে।

-------------------

রাজ্যে এখনও রেশন কেলেঙ্কারি চলছে বলে বিরোধী বিজেপি নেতা শুভেন্দু অধিকারি অভিযোগ করেছেন। প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক এবং তার সহযোগীরা গ্রেপ্তার হওয়া সত্ত্বেও রেশনের চাল বেসরকারি চালকলগুলিতে পাঠানো এবং তা বাজারে বিক্রির জন্য প্রস্তুত করা হচ্ছে বলে তাঁর দাবি। বিষয়টি নিয়ে তদন্তের জন্য শ্রী অধিকারি ইডিকে আর্জি জানিয়েছেন।

-------------------

ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম স্টেশনে ডাউন সাবার্বান লাইনে গতকাল রাত সাড়ে ১১-টা থেকে আজ সকাল সাড়ে ৬-টা পর্যন্ত ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকার কারণে আজ রবিবারও বেশকিছু ট্রেন বাতিল থাকছে।

রেল সূত্রে জানা গেছে, শিয়ালদা – বনগাঁ শাখা, হাসনাবাদ, ডানকুনি, কল্যাণী সীমান্ত, শান্তিপুর, কৃষ্ণনগর, নৈহাটি সহ কয়েকটি লাইনে বেশকিছু লোকাল ট্রেন বাতিল থাকবে।

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের হরিপাল এবং নালিকুল স্টেশনের মাঝে সেতুর কাজের জন্য ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। আজ তারকেশ্বর থেকে ৮ টি , গোঘাট, আরামবাগ, হরিপাল ও সিঙ্গুর থেকে ১ টি করে, এবং হাওড়া থেকে ৯ টি, শেওড়াফুলী থেকে দুটি EMU লোকাল বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

--------------------

শান্তিনিকেতনে এবারের মত পৌষমেলা ও পৌষ উৎসব গতরাতে শেষ হয়েছে। দীর্ঘ চার বছর পর বিশ্বভারতী আবার পৌষমেলার আয়োজন করেছিল। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

--------------------

কলকাতার বাবুঘাট ও সংলগ্ন এলাকায় গঙ্গাসাগর মেলা উপলক্ষে আসা বিভিন্ন রাজ্যের পুণ্যার্থীদের পুর পরিষেবার বিষয়ে পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম গতকাল পুলিশ, স্বাস্থ্য ও সংশ্লিষ্ট দপ্তরগুলির আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। শ্রী হাকিম পরে সাংবাদিকদের জানান, ,গঙ্গাসাগরগামী ভিন রাজ্যের পুণ্যার্থীদের জন্য পুরসভা বাবুঘাটে শিবির খুলবে। সেখানে জল সরবরাহ ও দূষণ রোধে ব্যবস্থা নেওয়া হবে। ঐ এলাকা সাফাইয়ের জন্য পর্যাপ্ত কর্মীরও ব্যবস্থা করা হবে। পুণ্যার্থীদের জন্য বাবুঘাটে স্বাস্থ্য শিবির খুলবে পুরসভা। ডেপুটি মেয়র অতীন ঘোষ ও পুরসভার মেয়র পারিষদ দেবাশীষ কুমার শিবিরের দায়িত্বে থাকবেন।

---------------------

পশ্চিমী ঝঞ্ঝার কারণে শীতের দেখা না মিললেও আগামী কয়েক দিনের মধ্যে রাতের তাপমাত্রা কমবে। বীরভূম ও মুর্শিবাদে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা আছে বলে আবাহাওয়া দপ্তর জানিয়েছে। আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডক্টর অন্বেষা ভট্টাচার্য্য জানিয়েছেন।

বাইট

-------------------- --------------------